# উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব অতীশ দর্শী চাকমা
প্রশাসক, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
তারিখ : ৩০ অক্টোবর ২০২৪ খ্রি.।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

<u>উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')</u>

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) এর ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত এবং থোক বরাদ্দের প্রকল্প গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে ও সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প তালিকা বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) এর ১৩টি খাত খাতওয়ারী বিভাজন করে দাখিল করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরের বাসভবন নির্মাণের প্রাক্কলন গণপূর্ত অধিদপ্তর বিভাগ হতে অনুমোদন পাওয়া গেছে এবং দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদার নির্বাচনের মাধ্যমে কাজ বাস্তবায়ন শুরু করা হবে। তাছাড়া উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ও উপজেলা পরিষদের ইনডোর ব্যাডমিন্টন খেলার মাঠ সংস্কার ও রং করণ বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার প্রাক্কলন দাখিল করেন। তিনি সভায় জানান উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন রংকরণ ও বাসাবাড়ি রংকরণ এবং মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) এর বরাদ্দকৃত বিভাজন করে প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ এবং সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের ইনডোর ব্যাডমিন্টন খেলার মাঠ সংস্কার ও রং করণ বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার নিজ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল বাসাবাড়ি মেরামত খাত থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| ২. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় বর্তমানে মাঠে রোপা আমন ধান কর্তন চলমান রয়েছে। আসন্ন রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৭৭০ জন | আলোচনান্তে আসন্ন বোরো মৌসুমে কৃষকদের বোরো ধানের আবাদ/পরিচর্যা সহজ করার লক্ষ্যে উপজেলা | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | কৃষকের মাঝে সরিষা, গম, ভুট্টা, চিনাবাদাম, সূর্যমুখী, পেয়াজ ও মুগ ডালের বীজ এবং রাসায়নিক সার বিতরন অতি শিঘ্রই শুরু হবে। এছাড়া কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ৫০০০ জন কৃষকের মাঝে বোরো (হাইব্রিড) ধানের বীজ বিতরনের বরাদ্দ পাওয়া গেছে। পাশাপাশি একটি ৫০ একরের বোরো ধানের সমলয় ব্লক প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে। আসন্ন বোরো মৌসুমে কৃষকদের বোরো ফসলের আন্ত:পরিচর্যা সহজ করার লক্ষ্যে উপজেলা পরিষদের অর্থায়নে ১০০টি স্প্রে মেশিন বিতরন করার জন্য একটি প্রকল্প গ্রহণের বিষয়ে সভাকে অনুরোধ জানান। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিষদের অর্থায়নে ১০০টি স্প্রে মেশিন বিতরন করার জন্য একটি প্রকল্প গ্রহণের প্রস্তাব উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত ২৪ অক্টোবর ২০২৪ থেকে HPV Vaccination Campaign শুরু হয়েছে। এই ভ্যাক্সিনের মাধ্যমে মহিলাদের জরায়ু ক্যান্সার প্রতিরোধ করা যাবে। এখনও আমাদের দেশে প্রতি বছর প্রায় ৬০০০ জন মহিলা এই ক্যান্সারে মারা যাচ্ছে। এই Campaign এর মাধ্যমে স্কুল পড়ুয়া কিশোরী যারা ৫ম-৯ম শ্রেণীতে পড়ে এবং ঝড়ে পড়া কিশোরী যাদের বয়স ১০-১৪ বছর তাদেরকে টিকা দেয়া হবে। কমিউনিটি ক্লিনিকগুলোতে CHCP দের মাধ্যমে সপ্তাহে ০৬ দিন সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া EPI কার্যক্রম, TB Control প্রোগ্রাম, Leprosy Control প্রোগ্রাম এবং Malaria Control প্রোগ্রাম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে HPV Vaccination Campaign এ সহযোগিতা করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও সংশ্লিষ্ট সকল। |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সেপ্টেম্বর/২০২৪ পর্যন্ত সদর উপজেলায় মোট নিবন্ধিত সক্ষম দম্পতি ৪৫,০৪৬ জন। তন্মধ্যে বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকরারীর সংখ্যা ৩৩৩২০ জন এবং এ পদ্ধতি গ্রহণকারীর হার ৭৩.৯৭%। মোট নিবন্ধিত গর্ভবর্তীর সংখ্যা ২৬০৩ জন। তাছাড়া আশ্রয়ন প্রকল্পে প্রতি মাসে ১টি করে স্যাটেলাইট ক্লিনিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। সেখানে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য ও গর্ভকালীন চেক প্রদান করা হয়। এছাড়া পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্যাটেলাইট ক্লিনিক কার্যক্রম আরও বেশি বেশি করে পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত ০৮ সেপ্টেম্বর ২০২৪ থেকে ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত PPR Vaccination কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। সারাদেশব্যাপী PPR রোগ নির্মূলে এই ভ্যাক্সিন | আলোচনান্তে PPR Vaccination কার্যক্রম সফলভাবে সম্পন্ন করায় উপজেলা প্রাণিসম্পদ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যা বিশেষ করে খামারীদের ব্যাপক ক্ষতি থেকে রক্ষা করবে। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | জানানো হয়। | |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সুনামগঞ্জ সদর উপজেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের শ্রেণী পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। শিক্ষার্থীর শিখন ঘাটতি নিরসনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আগামী বছরের অর্থাৎ ২০২৫ সালের প্রাথমিক বিদ্যালয়সমূহের পাঠ্যপুস্তকের চাহিদা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনলাইনে দাখিল করা হচ্ছে। পঞ্চম শ্রেণির মেয়ে শিক্ষার্থীদের এইচ.পি.ভি টিকা গ্রহনের জন্য অনলাইন রেজিষ্ট্রেশন এবং টিকা কেন্দ্রে গিয়ে টিকা গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারী বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। তবে কিছু কিছু ওয়াসব্লকের কাজ বন্ধ রয়েছে। এব্যাপারে জনস্বাস্থ্য প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন হয়েছে এবং দ্রুত কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পঞ্চম শ্রেণির মেয়ে শিক্ষার্থীদের এইচ.পি.ভি টিকা গ্রহন কার্যক্রম এবং ২০২৫ সালের প্রাথমিক বিদ্যালয়সমূহের পাঠ্যপুস্তকের চাহিদা সঠিকভাবে অনলাইনে দাখিল করা হয়েছে কি না তা মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ সুন্দর এবং সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে জরায়ু ক্যান্সারের ভ্যাক্সিনেশন কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া উপজেলা পরিষদের প্রশাসনিক নতুন ভবনের সামনের মাঠকে খেলাধুলা করার উপযোগী এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় প্রস্তাব পেশ জানান। এছাড়া মাধ্যমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ সুন্দর এবং সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয় এবং উপজেলা পরিষদের প্রশাসনিক নতুন ভবনের সামনের মাঠকে খেলাধুলা করার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৮. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর সভায় জানান বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় ৫০০টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ এবং ৫০টি হস্ত চালিত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত নলকূপগুলোর স্থাপনের স্থানের তালিকা বিধি মোতাবেক দ্রুত প্রণয়নের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে নলকূপ স্থাপনের স্থানের তালিকা বিধি মোতাবেক দ্রুত দাখিল করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান(সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর | আলোচনান্তে বিগত বন্যায় যে | ১। উপজেলা প্রকল্প |



Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | সভায় জানান টিআর ও কাবিটার বরাদ্দ এখনও পাওয়া যায়নি। অতি দ্রুত টিআর ও কাবিটার বরাদ্দ পাওয়া যাবে মর্মে মন্ত্রণালয় থেকে জানা গেছে। তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে বিশেষ করে বিগত বন্যায় যে সকল রাস্তা/ঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলির অগ্রাধিকার ভিত্তিতে তালিকা তৈরী করে দ্রুত জমা প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া বীর নিবাস এর উপকারভোগী স্বচ্ছল না অস্বচ্ছল তা যাচাই করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সদস্য সচিব করে একটি পত্র পাওয়া গেছে। উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে দ্রুত জরিপ করে প্রতিবেদন জমা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান যদিও কাজ শুরু করার আগেই উপকারভোগীদের তালিকা যাচাই-বাছাই করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। এছাড়া প্রকল্প বাস্তবায়ন বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সকল রাস্তা/ঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলির অগ্রাধিকার ভিত্তিতে তালিকা তৈরী করে দ্রুত জমা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয় এবং বীর নিবাস এর উপকারভোগী স্বচ্ছল না অস্বচ্ছল তা যাচাই করে প্রতিবেদন দ্রুত জমা প্রদানের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান APA চুক্তি মোতাবেক ঋণ বিতরন ও আদায় যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে। ১লা নভেম্বর ২০২৪ তারিখ জাতীয় যুব দিবস জেলা শিল্পকলা একাডেমীতে আগামী শুক্রবার সকাল ০৯.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে জেলা প্রশাসক মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া যুব উন্নয়ন বিভাগের প্রশিক্ষণ ও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ১লা নভেম্বর ২০২৪ তারিখ শুক্রবার সকাল ০৯.০০ ঘটিকায় জাতীয় যুব দিবস উদযাপন অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান মল্লিকপুর এলএসডির সর্বোচ্চ ধারন ক্ষমতা ১০৪০০ মে.টন। বর্তমানে অত্র এলএসডিতে ৭৯৭৫,৬৮২ মে.টন সিদ্ধ চাল, ১২৬০,৬১৫ মে.টন আতপ চাল এবং ৭০১,৬৩৩ মে.টন গম মজুদ রয়েছে। মজুদ পরিস্থিতি সন্তোষজনক। সেপ্টেম্বর/২০২৪-নভেম্বর/২০২৪ প্রান্তিকে খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় প্রতি মাসে ৩০ কেজি করে ১৫/- টাকা দরে কার্ডধারী ব্যক্তিগণের নিকট চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর/২০২৪ মাসে ৪৩১,১৩০ মে.টন ও অক্টোবর/২০২৪ মাসে ৪২৫,২২০ মে.টন সর্বমোট ৮৫৬.৩৫০ মে.টন চাল ভোক্তাদের নিকট বিক্রয় করা হয়েছে। নিয়মিত এ কার্যক্রম তদারকি করা হচ্ছে। কোথাও কোন অনিয়ম বা অভিযোগ পাওয়ানি। VWB এর অক্টোবর/২০২৪ মাসে চেয়ারম্যানগণের অনুকূলে জিও ইস্যু করা হয়েছে। ইস্যুকৃত জিও এর সকল খাদ্যশস্য ০৩(তিন) কর্মদিবসের মধ্যে খাদ্য গুদাম থেকে উত্তোলন করার জন্য খাদ্য মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নির্ধারিত | আলোচনান্তে VWB এর জিও ইস্যু করে দ্রুত ইউ/পি চেয়ারম্যানগণ জানানোর জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয় এবং চেয়ারম্যানগণের অনুকূলে ইস্যুকৃত জিও এর সকল খাদ্যশস্য ০৩(তিন) কর্মদিবসের মধ্যে খাদ্য গুদাম থেকে উত্তোলন করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |



Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | সময়ের মধ্যে খাদ্যশস্য খাদ্য গুদাম হতে উত্তোলনের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>এ বিষয়ে চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান জিও ইস্যু করে সঠিক সময়ে জানানো হলো ইউ/পি চেয়ারম্যানগণ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে খাদ্য গুদাম হতে খাদ্যশস্য উত্তোলন করবেন। | | |
| ১২. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রথম কিস্তির সকল ভাতার সর্বমোট ১৪,১১৬ জনের পে-রোল দেওয়া হয়েছে। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়ায় রোগে আক্রান্ত ৬৪ জন রোগীর প্রাথমিক তালিকা জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ১৫ অক্টোবর ২০২৪ হইতে ১৪ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত প্রতিবন্ধী, হিজড়া, বেদে, ক্ষুদ্রনৃগোষ্ঠী ও অনগ্রসর উপকারভোগীদের ভাতার অনলাইন আবেদন শুরু হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল ইউ/পি চেয়ারম্যান/সচিব/মেম্বারদেরকে অবগত করা হয়েছে। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ১৫ অক্টোবর ২০২৪ হইতে ১৪ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত প্রতিবন্ধী, হিজড়া, বেদে, ক্ষুদ্রনৃগোষ্ঠী ও অনগ্রসর উপকারভোগীদের ভাতার অনলাইন আবেদন এর বিষয়টি প্রচার করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণ এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি<br>সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের চলতি মাসে ঋণ বিতরণ হয়েছে ১,১০,০০,০০০/-(এক কোটি দশ লক্ষ) টাকা, ঋণ আদায় হয়েছে ১,০৭,০৫,০০০/-(এক কোটি সাত লক্ষ পাঁচ হাজার) টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ১০,২০,০০০/-(দশ লক্ষ বিশ হাজার) টাকা। এছাড়া পল্লী সঞ্চয় ব্যাংক এর অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংক এর সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক ঋণ বিতরণের প্রতিবেদন আগামী সভায় অবহিতকরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর। |
| ১৪. | সিনিয়র উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সুনামগঞ্জ সদর সভায় জানান ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন দারিদ্র বিবোচনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়া বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম যেমন- শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, বিভিন্ন উঠান বৈঠকের মাধ্যমে উদ্বুদ্ধ করা হয়। এ প্রতিষ্ঠানে ক্ষুদ্র, মাঝারি এবং SME ঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র দূরীকরন এবং হ্রাস করনের প্রচেষ্টা চলমান। এ মাসে প্রতিষ্ঠানটি SME ঋণ সুফলভোগীদের মাঝে ১১,৩০,০০০/-(এগারো লক্ষ ত্রিশ হাজার) টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায় হয়েছে ১৪,২২,৩৭৯/-( চৌদ্দ লক্ষ বাইশ হাজার তিনশত উনআশি) টাকা। এছাড়া ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি গঠনে উদ্বুদ্ধ করন এবং অন্যান্য দাপ্তরিক কার্যক্রম | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সুনামগঞ্জ সদর। |



Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৫. | চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান জাহাঙ্গীরনগর ইউনিয়ান পরিষদের সম্মুখে আমপাড়া-কাইয়ারগাঁও একটি সংযোগ রাস্তা রয়েছে। তিনি উক্ত রাস্তাটি পাকাকরন করার জন্য সভাকে অনুরোধ জানান। উল্লেখ্য যে প্রতিদিন উক্ত রাস্তা দিয়ে অনেক লোক ইউনিয়ান পরিষদে সেবা নিতে আসেন। তাই উক্ত রাস্তাটি দ্রুত পাকাকরন করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে জাহাঙ্গীরনগর ইউনিয়ন পরিষদের সম্মুখে আমপাড়া-কাইয়ারগাঁও সংযোগ রাস্তাটি পাকাকরন এর প্রস্তাব উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর ইউ/পি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| | চেয়ারম্যান, সুরমা ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান সুরমা ইউনিয়নের ইব্রাহিমপুর গ্রামের ইব্রাহিমপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের সাথে একটি পুরাতন ভবন রয়েছে। উক্ত পুরাতন ভবনটির কারনে ছাত্র/ছাত্রীরা উন্মুক্তভাবে চলাফেরা করতে অসুবিধা হচ্ছে। তাই তিনি জানান ভবনটি ভেঙ্গে দেওয়া হলে ছাত্র/ছাত্রীরা উপকৃত হবে। তিনি উক্ত বিদ্যালয়ের পুরাতন ভবনটি অপসারনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | আলোচনান্তে ইব্রাহিমপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনটি অপসারনের বিষয়ে সরেজমিন যৌথ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| | চেয়ারম্যান, কাঠইর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান সদর উপজেলার হাট বাজার উন্নয়নের ১০% বরাদ্দ দীর্ঘদিন যাবৎ বন্টন হচ্ছে না। এতে করে হাট বাজার এর উন্নয়ন ব্যাহত হচ্ছে। তিনি দ্রুত হাট বাজারের বরাদ্দ বন্টন করে হাট বাজার উন্নয়ন এর কাজ বাস্তবায়ন করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে হাট বাজার ব্যবস্থাপনা কমিটির একটি সভা দ্রুত আহবান করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| | চেয়ারম্যান, কুরবাননগর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান কুরবাননগর ইউনিয়নের মনোহরপুর-শাহপুর রাস্তা এবং তালেবের পয়েন্ট-বদিপুর পর্যন্ত রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | আলোচনান্তে কুরবাননগর ইউনিয়নের মনোহরপুর-শাহপুর রাস্তা এবং তালেবের পয়েন্ট-বদিপুর পর্যন্ত রাস্তাটি দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| | চেয়ারম্যান, লক্ষণশ্রী ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান লক্ষণশ্রী ইউনিয়নের আলহাজ্ব জমিরুন নূর উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের অসমাপ্ত কাজ এখনও সমাপ্ত হয়নি। এ বিষয়ে চেয়ারম্যান মোল্লাপাড়া ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান তার ইউনিয়নের চরমহল্লা উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের অসমাপ্ত কাজও এখনও সমাপ্ত হয়নি। সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগাযোগ পূর্বক উক্ত ভবন ২টির কাজ দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। উক্ত | আলোচনান্তে নির্ধারিত সময়ে মাধ্যমিক বিদ্যালয়ের ভবন নির্মানের কাজ সমাপ্ত না হওয়ায় উক্ত ঠিকাদারকে কালো তালিকা ভুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | বিষয়ে চেয়ারম্যান, রঙ্গারচর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় নির্দিষ্ট সময়ে মাধ্যমিক বিদ্যালয়ের ভবন নির্মানের কাজ সমাপ্ত না হওয়ায় উক্ত ঠিকাদারকে কালো তালিকা ভুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সভাকে অনুরোধ জানান। | | |
| | চেয়ারম্যান, রঙ্গারচর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান আদার বাজার আশ্রয়ন প্রকল্পের অনেক ঘরে উপকারভোগী ঘরে থাকেন না। হঠাৎ পরিদর্শনে গেলে অনেক ঘর তালা বন্ধ পাওয়া যায়। এমতাবস্থায় যে সকল উপকারভোগী ঘরে থাকেন না তাদের বিষয়ে সুষ্ঠু তদন্ত পূর্বক বাতিল করে নতুন বন্দোবস্ত প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের কাজ দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা পরিষদের জীপ গাড়ি চালক এর আচার ব্যবহার সন্তুস জনক নয়। তার আচার ব্যবহারে সদর উপজেলার সকল ইউ/পি চেয়ারম্যানগণ অসন্তুষ্ট। দ্রুত থাকে বদলী করে একজন ভালো জীপ গাড়ি চালক নিয়ে আসার জন্য সভাকে অনুরোধ জানান। এ বিষয়ে উপস্থিত সকল ইউ/পি চেয়ারম্যানগণ একমত পোষন করেন এবং উক্ত জীপ গাড়ি চালকে দ্রুত বদলি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | আলোচনান্তে আশ্রয়ন প্রকল্পের ঘরে যে সকল উপকারভোগী বসবাস করেন না তাদের বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের কাজ দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলা পরিষদের জীপ গাড়ি চালকে বদলী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর<br>২। সহকারী কমিশনার (ভূমি), সুনামগঞ্জ সদর<br>৩।উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ১৬. | ক) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় উপজেলা পরিষদ সংলগ্ন পার্কের নাম "উপজেলা প্রশাসন শিশু পার্ক" নামকরন করার জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরও জানান উক্ত পার্কের মালামাল ক্রয় ও একটি ওয়াশ ব্লক নির্মাণ করার প্রয়োজন এবং উপজেলা পরিষদের পার্ক পরিচালন সংক্রান্ত একটি কমিটি গঠন করা প্রয়োজন।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বিদ্যুৎ চলে গেলে অফিসের সকল কম্পিউটার বন্ধ হয়ে যায়। তাই বিদ্যুৎ চলে গেলেও যাতে কম্পিউটার দিয়ে সেবা প্রদান কার্যক্রম চলমান রাখা যায় সেজন্য অফিসের জন্য আইপিএস ও ব্যাটারী ক্রয় করা প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদ অফিসের জন্য বিভিন্ন আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। তিনি আরও জানান উক্ত বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান | ক) আলোচনান্তে উপজেলা পরিষদ সংলগ্ন পার্কের নাম "উপজেলা প্রশাসন শিশু পার্ক" নামকরন এর প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। তাছাড়া উক্ত পার্কের প্রয়োজনীয় মালামাল ক্রয় ও একটি ওয়াশ ব্লক নির্মাণ করার প্রস্তাব প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থানের সিদ্ধান্ত গৃহীত এবং উপজেলা পরিষদের পার্ক পরিচালন সংক্রান্ত একটি কমিটি গঠন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | করেছিলেন।<br>এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার প্রাক্কলন ও উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন দাখিল করেন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা পরিষদের আনসার ক্যাম্প এ যাওয়া জন্য উপজেলা পরিষদের আরডি-২ ভবনের সামনে থেকে প্রায় ৫০ ফুট রাস্তা পাকাকরণ প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান।<br>ঘ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা পরিষদের পুকুরপাড়ের ঘাটলা মেরামতকরণ ও পুকুরপাড়ে গাছ লাগানো এবং পুকুরে মাছ চাষ বৃদ্ধি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভাকে অনুরোধ জানান।<br>ঙ) উপজেলা পরিষদের আবাসিক এলাকার নিরাপত্তা জোরদার করার জন্য তিনি উপজেলা পরিষদের প্রবেশমুখে নিরাপত্তা চৌকি ও গেঠ স্থাপনের জন্য সভাকে অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদ সম্মুখের রাস্তায় যত্রতত্র গাড়ি পার্কিং রোধে রাস্তার উত্তর পাশে ২টি এঞ্জেল পোস্ট ও দক্ষিণ পাশে ২টি এঞ্জেল পোস্ট নির্মাণ এর জন্য সভাকে অনুরোধ জানান।<br>চ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা পরিষদের মাস্টাররোলে কর্মরত এক জন অফিস সহায়ক জনাব গীতা রানী তালুকদার বিগত ০৩ এপ্রিল ২০২৪ তারিখ মৃত্যু বরণ করেন। তার মৃত্যুর পর উক্ত পদে কোন লোক নিয়োগ করা হয়নি। তিনি উক্ত পদে নতুন একজন অফিস সহায়ক মাস্টাররোলে নিয়োগ প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান।<br>তিনি আরও জানান উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে মাস্টাররোলে কর্মরত ০২(দুই) জন কর্মচারীর চাকুরী স্থায়ীকরণ এর একটি মামলা চলমান ছিল। বিগত ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ৪৬.০০.০০০০.০৪৬.০১১.০৪২.১৯-৫৬০ নং স্মারক মূলে পত্রের মাধ্যমে মামলাটি নিস্পত্তি হয়েছে মর্মে জানা গেছে। তিনি অফিস সহায়ক পদে স্থায়ী জনবল নিয়োগের বিষয়ে ছাড়পত্র প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ এ পত্র প্রেরণ করার জন্য সভাকে অনুরোধ জানান।<br>ছ) উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনের স্থানসহ পরিষদের উত্তর-পূর্ব কোনা বরাবর ০.৩৬ | খ) আলোচনান্তে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি ক্রয় খাত থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) আলোচনান্তে উপজেলা পরিষদের আনসার ক্যাম্প এ যাওয়া জন্য উপজেলা পরিষদের আরডি-২ ভবনের সামনে থেকে প্রায় ৫০ ফুট রাস্তা পাকাকরণ এর প্রস্তাব প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) আলোচনান্তে উপজেলা পরিষদের পুকুরপাড়ের ঘাটলা মেরামতকরণ ও পুকুরপাড়ে গাছ লাগানোর প্রস্তাব প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) উপজেলা পরিষদের আবাসিক এলাকার নিরাপত্তা জোরদার করার জন্য উপজেলা পরিষদের প্রবেশমুখে নিরাপত্তা চৌকি ও গেঠ স্থাপন এবং উপজেলা পরিষদ সম্মুখের রাস্তায় যত্রতত্র গাড়ি পার্কিং রোধে রাস্তার উত্তর পাশে ২টি এঞ্জেল পোস্ট ও দক্ষিণ পাশে ২টি এঞ্জেল পোস্ট নির্মাণ এর প্রস্তাব প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) আলোচনান্তে উপজেলা পরিষদে একজন অফিস সহায়ক মাস্টাররোলে নিয়োগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর।<br>ঘ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর।<br>ঙ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর।<br>চ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর।<br>ছ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর।<br>জ) উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগের সিভিল পিটিশন নং ১৮২/২০২৩ দায়ের আছে এবং মামলাটি বর্তমানে বিচারাধীন অবস্থায় রয়েছে। উক্ত মামলাটি সঠিকভাবে পরিচালনা করা প্রয়োজন মর্মে সভাকে অবগত করেন। তিনি উক্ত মামলা পরিচালনা করার বিষয়ে দক্ষ আইনজীবীর সহায়তা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | প্রদান এবং উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে ছাড়পত্র প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ এ পত্র প্রেরণ করার সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।<br>ছ) আলোচনান্তে উপজেলা পরিষদের ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগের সিভিল পিটিশন নং ১৮২/২০২৩ মামলাটি সঠিকভাবে পরিচালনা করার বিষয়ে দক্ষ আইনজীবীর সহায়তা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | |
| | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান অক্টোবর/২০২৪ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৯৮০/- (উনত্রিশ হাজার নয়শত আশি) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৬০/- (চার হাজার নয়শত ষাট) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ২,০০০/-(দুই হাজার) টাকা, উপজেলা পরিষদের আগাছা পরিস্কার বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামত বাবদ ২১,০০০/-(একুশ হাজার) টাকা, উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বাবদ ২০,০০০/-(বিশ হাজার) টাকা এবং মোবাইল কোর্ট পরিচালনরা জন্য কিটসহ আনুষাঙ্গিক বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধের আবেদন পাওয়ার যায়। | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর ও প্রশাসক উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২০২৪

অতীশ দর্শী চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০২২-৯৯৬৬০০০৭২
ই-মেইল : unosunamganjsadar@gmail.com

Scanned with OKEN Scanner

স্মারক নং: ০৫.৪৬.৯০৭৯.০০০.১১.০১৪.১৯-১৬৩৮(৫০) তারিখ: ৩০ অক্টোবর ২০২৪ খ্রি

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ........................................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৮। জনাব/বেগম ........................................ সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।

৩০/১০/২০২৪
অতীশ দর্শী চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

Scanned with OKEN Scanner